

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২৪.২০২৩.৬৪৭

তারিখ: ২৭ জামাদ ১৪৩০ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব রীতা চক্রবর্তী (১৩৫৬৩), সহযোগী অধ্যাপক (বাংলা), কুমিল্লা সরকারি মহিলা কলেজ, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত ঢাকা শিক্ষা বোর্ডের এইচএসসি পরিক্ষা-২০২২ এর বাংলা ২য় পত্রের ২(ক) নং প্রশ্ন পরিশোধনে ২০২২ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস যথাযথভাবে অনুসরণ করেননি এবং দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করেন এবং গত ১১/০৭/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় তাকে “তিরস্কার” লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব রীতা চক্রবর্তী (১৩৫৬৩), সহযোগী অধ্যাপক (বাংলা), কুমিল্লা সরকারি মহিলা কলেজ, কুমিল্লা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ক) অনুযায়ী “তিরস্কার” সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,

২১ ৭/১৬
(সোলেমান খান)
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২৪.২০২৩.৬৪৭/২(৭)

তারিখ: ২৭ জামাদ ১৪৩০ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব রীতা চক্রবর্তী এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপসচিব (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, কুমিল্লা সরকারি মহিলা কলেজ, কুমিল্লা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৭। জনাব রীতা চক্রবর্তী (১৩৫৬৩), সহযোগী অধ্যাপক (বাংলা), কুমিল্লা সরকারি মহিলা কলেজ, কুমিল্লা।


(আবু সাঈদ মো: ফজলে এলাহী)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪২৬৫